# ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ

## প্রধান কার্যালয়

**১৪৬/১, জাফরাবাদ, শংকর, পশ্চিম ধানমন্ডি (মোহাম্মদপুর), ঢাকা-১২০৭।**

**ফোনঃ ০২-৫৮১৫২৯২২, ০২-৫৮১৫২৯২৩, ই-মেইলঃ dkibbd@gmail.com, ওয়েবঃ-www.dkib.org**

**০১/১২/২০১৮ইং তারিখে অনুষ্ঠিত ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটি সভার কার্যবিবরণীঃ**

অদ্য ০১/১২/২০১৮ইং শনিবার সকাল ১০.০০ ঘটিকায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর জাতীয় কমিটির সভা আ. কা. মু গিয়াস উদ্দিন মিলকী অডিটরিয়াম, ঢাকায় অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। সভা পরিচালনা করেন জনাব মোঃ আলফাজ উদ্দিন, মহাসচিব, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন জনাব ফকির মোঃ বেলায়েত হোসেন, সহ-সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি, পবিত্র গীতা পাঠ করেন বাবু নারায়ন চন্দ্র নাথ, সহ-সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি এবং পবিত্র ত্রিপিটক পাঠ করেন উমা প্রসাদ বড়ুয়া, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, খাগড়াছড়ি জেলা শাখা।

মরতুজা আলী, সাবেক সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ, নোয়াখালী জেলা শাখা, আলফাজ উদ্দিন খান, সাবেক অর্থ সম্পাদক, ডিকেআইবি, ময়মনসিংহ জেলা শাখা, আবুল আফছার, উপ-সহকারী কৃষি কর্মকর্তা, ফটিকছড়ি, চট্টগ্রামসহ গত সভার পর হতে অদ্যাবদি যে সকল ডিপ্লোমা কৃষিবিদ মৃত্যু বরণ করেছেন তাদের আত্মার মাগফেরাত কামনা করেন এবং যে সকল ডিপ্লোমা কৃষিবিদ অসুস্থ আছেন তাদের সুস্থতা কামনা করে দোয়া পরিচালনা করেন জনাব ফকির মোঃ বেলায়েত হোসেন, সহ-সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি।

সভার শুরুতে স্বাগত বক্তব্য রাখেন জনাব এ টি এম আবুল কাশেম, সভাপতি, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটি। ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ নির্বাচন-২০১৮ অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচনে বিপুল ভোটে বর্তমান কেন্দ্রীয় নির্বাহী কমিটিকে জয়যুক্ত করায় ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির পক্ষ হতে জাতীয় কমিটির সকল সদস্যদেরকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করেন সেই সাথে নির্বাচন কমিশনকে ধন্যবাদ জানান। তিনি নবনির্বাচিত জাতীয় কমিটি সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে ডিপ্লোমা জাতির কল্যাণে এবং দেশের উন্নয়নে কাজ করার উদাত্ত আহবান জানান। গত ২৪/১১/২০১৮ইং তারিখ রোজ শনিবার নবনির্বাচিত কেন্দ্রীয় নির্বাহী কমিটিকে সংবর্ধনা প্রদান করায় ডিকেআইবি চট্টগ্রাম জেলা শাখাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নের সরকারী প্রজ্ঞাপন (জি.ও) জারীর পরবর্তী কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করেন। তিনি সিলেকশনগ্রেড প্রদানসহ সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা পদে পদোন্নতি প্রদানের সর্বশেষ অগ্রগতির কথা উল্লেখ করেন। অতঃপর মহাসচিব সাহেবকে সভার আলোচ্যসূচীর উপর আলোচনা করার আহবান জানান।

মহাসচিব জনাব মোঃ আলফাজ উদ্দিন উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। গত সভার পর হতে অদ্যাবদি যে সকল সাংগঠনিক কার্যক্রম গ্রহণ করা হয়েছে তার উপর বিস্তারিত আলোচনা করেন এবং অদ্যকার সভার আলোচ্যসূচীর উপর সংক্ষিপ্ত বিবরণ প্রদান করেন।

গত ১৫/০৯/২০১৮ইং তারিখের জাতীয় কমিটির কার্যবিবরণী সভায় উপস্থাপনের পর সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হয়।

সভায় আলোচ্যসূচীর উপর আলোচনা ও পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হলোঃ-

সিদ্ধান্ত-০১ঃ অর্থ মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত নির্দেশনা অনুযায়ী কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর/ অধিদপ্তর/ বিভাগ/ সংস্থায় কর্মরত কৃষি ডিপ্লোমাধারী উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদের ২য় শ্রেণীর পদমর্যাদা উল্লেখসহ ১০ম গ্রেড বেতনস্কেল বাস্তবায়নে সরকারী প্রজ্ঞাপন (জি.ও) সংশোধন করে পৃষ্ঠাঙ্কনের জন্য অর্থ মন্ত্রণালয়ে অতিদ্রুত পত্র প্রেরনের জন্য সচিব, কৃষি মন্ত্রণালয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০২ঃ উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমান পদ থেকে সহকারী কৃষি সম্প্রসারণ কর্মকর্তা/সমমানদের পদোন্নতির যে প্রস্তাবনা কৃষি মন্ত্রণালয়ে থেকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি পাঠানো হয়েছে তাদেরকে অতিদ্রুত পদায়ন করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৩ঃ বেতনস্কেল/২০১৫ অনুযায়ী সরকারী কর্মকর্তা কর্মচারীদের সিলেকশন গ্রেড প্রথা ১৪/১২/১৫ইং তারিখ পর্যন্ত বহাল রাখা হয়েছে। সে মোতাবেক কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে কর্মরত উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানগণ ১৪/১২/১৫ইং তারিখ পর্যন্ত সিলেকশনগ্রেড প্রাপ্য। তাই বিদ্যমান গ্রেডেশন তালিকার ৭৭০৬ হতে ৭৮৮৫ পর্যন্ত মোট ১৮৪ জনের সিলেকশন গ্রেড প্রদানের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়কে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৪ঃ (ক) কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাঠ পর্যায় ব্লক খালি রেখে উপ-সহকারী কৃষি কর্মকর্তা/সমমানদেরকে উপজেলা, জেলা এবং অঞ্চলের অফিস গুলোতে প্রেষণ/মৌখিক আদেশের মাধ্যমে কাজ করানো হচ্ছে। তাদের প্রেষণ/মৌখিক আদেশ বাতিল করার জন্য মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর মহোদয়কে পুনরায় অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৫ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতাধীন কৃষি প্রশিক্ষায়তনে (এটিআই) চলমান কৃষি ডিপ্লোমা শিক্ষা কার্যক্রম যুগপোযোগী ও মানসম্মত নয়। অধ্যয়নরত ছাত্র/ছাত্রীদের পলিটেকনিক ইনস্টিটিউটের ন্যায় ছাত্র বৃত্তি এবং অন্যান্য সুযোগ সুবিধা না থাকার কারণে মেধাবী ছাত্র/ছাত্রীগণ কৃষি ডিপ্লোমা কোর্সে ভর্তি হতে আগ্রহী হচ্ছে না। বিষয়টির প্রতি সুবিবেচনা করতঃ ছাত্র/ছাত্রীদের যুগপোযোগী করিগরী জ্ঞান বৃদ্ধিসহ সরকারী সকল সুযোগ সুবিধা প্রদানের লক্ষ্যে প্রচলিত কৃষি ডিপ্লোমা কোর্সকে শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ন্যস্ত করার ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৬ঃ কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে দেশের বিভিন্ন উপজেলা, জেলা এবং অঞ্চল পর্যায়ে বাস্তবায়নাধীন বিভিন্ন প্রকল্পের প্রদর্শনী প্লট স্থাপন, প্রদর্শনী বাস্তবায়ন, কৃষকদের প্রশিক্ষণ উপকরণ সরবরাহ ও ভাংতি বিবরণী অনুযায়ী আনুষঙ্গিক কার্যক্রমের জন্য যে অর্থ বরাদ্দ থাকে সে সম্পর্কে কৃষক এবং বাস্তবায়নে সহযোগী উপ-সহকারী কৃষি কর্মকর্তাগণকে নিশ্চিত হয়ে রেজিষ্ট্রারে/মাষ্টার রোলে স্বাক্ষর করার জন্য অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৭ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক জনাব মোঃ আপেল মাহমুদ, উপ-সহকারী কৃষি কর্মকর্তা সিলেট অঞ্চল এবং সাহিত্য, সংস্কৃতি ও ক্রীড়া বিষয়ক সম্পাদক জনাব মোঃ রফিকুল ইসলাম, উপ-সহকারী কৃষি কর্মকর্তা বরিশাল অঞ্চল, মোঃ জাহাঙ্গীর আলম, এসএপিপিও, গোসাইরহাট, শরীয়তপুর থেকে পাংশা, রাজবাড়ী, মোঃ আব্দুল কুদ্দুস, এসএএও, নওগাঁ সদর, নওগাঁ থেকে বিয়ানীবাজার, সিলেট, দ্বীজেন্দ্র নাথ রায়, এসএএও, নওগাঁ সদর, নওগাঁ থেকে ধীরাই, সুনামগঞ্জ, মোঃ জাহাঙ্গীর আলম, এসএএও, নওগাঁ সদর, নওগাঁ থেকে ধীরাই, সুনামগঞ্জ, মোঃ আবু রায়হান, এসএএও, নওগাঁ সদর, নওগাঁ থেকে জগন্নাথপুর, সুনামগঞ্জ, মোঃ মমতাজ উদ্দিন, এএইও, নওগাঁ সদর, নওগাঁ থেকে দক্ষিন সুরমা, সিলেটে বদলী করা হয়। মাননীয় মহাপরিচালক মহোদয়ের সহিত ডিকেআইবির কেন্দ্রীয় নির্বাহী কমিটির নেতৃবৃন্দের সন্তোষজনক আলোচনায় তাদের পূর্বের কর্মস্থল/সুবিধা জনক স্থানে বদলীযোগে পদায়ন করার সম্মতি প্রদান করেছেন। বিষয়টি অতিদ্রুত বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করা হলো।

সিদ্ধান্ত-০৮ঃ জনাব মোঃ আবু ছাইদ শিখন, পিতাঃ মোঃ ইয়ার আলী, সদস্য নং-১৪৪৬৬, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, পাবনা জেলা শাখা, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর প্রধান নির্বাচন কর্মকর্তাকে মোবাইল ফোনের মাধ্যমে পাবনা জেলার নির্বাচন সংক্রান্ত ব্যাপারে অশ্রাব্য ভাষায় গালিগালাজ এবং প্রানে মেরে ফেলার হুমকি প্রদান করায় এবং ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতিকে মোবাইল ফোনের মাধ্যমে গালিগালাজ এবং হুমকি প্রদান করায় গঠনতন্ত্রের ৬.২, ৬.৩ এবং ৬.৪ ধারা মোতাবেক ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর সদস্য পদ হতে সাময়িক বরখাস্ত করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

সিদ্ধান্ত-০৯ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর ২০১৮ নির্বাচনে ঢাকা মহানগর, নীলফামারী, ঝিনাইদহ, কুড়িগ্রাম এবং নাটোর জেলার নির্বাচন আগামী জাতীয় নির্বাচনের পর জানুয়ারী ২০১৯ সালের মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহিত হলো।

সিদ্ধান্ত-১০ঃ ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ এর মহাসচিব জনাব মোঃ আব্দুল রাশেদ খান কে গঠনতন্ত্রের ৬.২ ও ৬.৩ ধারা মোতাবেক ২৩/১০/১৮ তারিখ থেকে সাময়িক বরখাস্ত করা হয় এবং কেন্দ্রীয় নির্বাহী কমিটির গৃহিত সিদ্ধান্ত জাতীয় কমিটি সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।

পরিশেষে সভার সভাপতি উপস্থিত সকল নেতৃবৃন্দকে সংগঠনের বৃহত্তর স্বার্থে পারস্পরিক সৌহার্দ ও সম্প্রীতি বজায় রেখে বিভাগীয় ও সাংগঠনিক কার্যক্রমকে ত্বরান্বিত করার লক্ষ্যে অর্পিত দায়িত্ব পালনে আন্তরিক হওয়ার অনুরোধ করে কৃষকদের আর্থ-সামাজিক উন্নয়নে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের উদাত্ত আহবান জানান এবং উপস্থিত নেতৃবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**স্বাক্ষরিত/-এ টি এম আবুল কাশেম**
**সভাপতি**
**ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ**
**০১৭১১-৪৮৮৪২৫**

**স্মারকনং-২৪(৭৫০)** **তারিখঃ ০১/১২/২০১৮খ্রিঃ**

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুলিপি প্রেরন করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

০১. মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০২. মাননীয় প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৪. মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৫. মাননীয় প্রতি মন্ত্রী, অর্থ ও পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার।
০৬. মাননীয় সভাপতি, কৃষি মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি।
০৭. মাননীয় মূখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৮. মাননীয় সচিব, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
০৯. মাননীয় সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০. মাননীয় মহা-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
১১. মাননীয় মহাপরিচালক, বি.এ.আর.আই/বি.আর.আর.আই/ বি.জে.আর.আই/ বিনা/ বি.এস.আর.আই, .................................।
১২. মাননীয় নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ি, ঢাকা/বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, রাজশাহী, ............................।
১৩. মাননীয় পরিচালক, ..................................................................।
১৪. মাননীয় অতিরিক্ত পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ............... অঞ্চল/ মাননীয় অধ্যক্ষ, এটিআই, ......................।
১৫. মাননীয় উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .................................... জেলা।
১৬. সহকারী মহা-ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, খামারবাড়ি শাখা, ঢাকা।
১৭. সহকারী মহা-ব্যবস্থাপক, পূবালী ব্যাংক লিঃ, সাতমসজিদ রোড় শাখা, ঢাকা।
১৮. সভাপতি/মহাসচিব, কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ।
১৯. সভাপতি/মহাসচিব, বঙ্গবন্ধু ডিপ্লোমা কৃষিবিদ পরিষদ।
২০. প্রধান নির্বাচন কর্মকর্তা, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ঢাকা।
২১. ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, কেন্দ্রীয় নির্বাহী কমিটির সকল কর্মকর্তাবৃন্দ।
২২. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ............... অঞ্চল/জেলা/ঢাকা মহানগর/সংস্থা শাখা।
২৩. সভাপতি/সাধারণ সম্পাদক, ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ, ........... উপজেলা শাখা, ............ জেলা।
২৪. জনাব .........................................................................................।

**(মোঃ আলফাজ উদ্দিন)**
**মহাসচিব**
**ডিপ্লোমা কৃষিবিদ ইনস্টিটিউশন, বাংলাদেশ**
**০১৮১৯-৪২৫০১৫**